গাংনীতে কোকো ডাস্ট পদ্ধতিতে চারা উৎপাদন জিয়াউর রহমানের সফলতা

মেহেরপুরে মাটির সংস্পর্শ ছাড়াই কোকো ডাস্ট পদ্ধতিতে উৎপাদন হচ্ছে শাক সবজি ফল ফুলসহ বিভিন্ন ফসলে চারা। প্লাস্টিক ট্রের মধ্যে কোকোডাষ্ট ব্যবহার করে জৈবিক ওআধুনিক পদ্ধতিতে চারা উৎপাদন করে জেলাসহ বিভিন্ন এলাকায় সাড়া ফেলেছেন মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের জিয়াউর রহমান। আর্থিক সহায়তা ও সরকারি পৃষ্ঠপোষকতা পেলে এপদ্ধতিতে চারা উৎপাদন করে দেশের চাহিদা পুরনে ভুমিকা রাখতে চান এই কৃষি উদ্যোক্তা।

মেহেরপুর জেলায় প্রথমবারের মত আধুনিক পদ্ধতিতে মাটির ব্যবহার ছাড়াই প্লাষ্টিকের ট্রের মধ্যে কোকোডাষ্ট ও জৈবসার ব্যবহার করে সবজিসহ ফল ফুলের বীজ বপন করে চারা উৎপাদন শুরু হয়েছে। সারি সারি প্লাষ্টিকের ট্রে সাজানো, সেই ট্রেতে সারিবদ্ধভাবে শোভা পাচ্ছে বিভিন্ন প্রজাতির শাকসবজি ও বিভিন্ন গাছ গাছালির চারা। তবে অবাক ব্যাপার হচ্ছে এসব চারার সাথে মাটির কোন সম্পৃক্ততা নেই। নারিকেলের ছোবড়ার টুকরার(কোকো ডাস্ট) এর মধ্যে বীজ বপন করে গঁজানো হয়েছে সুস্থ্য সবল রোগমুক্ত চারা গাছ। পদ্ধিতিটির নাম হচ্ছে ‘কোকো ডাস্ট’। পদ্ধতিটি এখন এলাকায় বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। সুস্থ্য ও সবল চারা পাওয়ায় কৃষকরা কোকো ডাস্ট পদ্ধতি ব্যবহারে আগ্রহী হচ্ছেন। মাটির সাথে সম্পৃক্ততা না থাকায় রোগ বালাই এর আক্রমণ নেই। রয়েছে জাতেরও নিশ্চয়তা। এপদ্ধতিতে চারা উৎপাদন করে উদ্যোক্তা জিয়াউর রহমান প্রতিবছর আয় করছেন দেড় থেকে দুই লক্ষ টাকা।

জিয়াউর রহমান জানান, লেখা পড়া শেষে রাজশাহীর আকাফুজি এগ্রো টেকনালজি নামের একটি কৃষি খামারে চাকুরি করতেন। আট বছর চাকরি শেষে বাড়ি ফিরে শুরু করেন নার্সারির ব্যবসা। কয়েক বছরেই লাভের মুখ দেখেন। আধুনিক প্রযুক্তি ব্যবহার করে চারা উৎপাদন করে বিভিন্ন কৃষকদের মাঝে স্বল্প মুল্যে বিক্রি করেন। এতে লাভবান হলে এক বিঘা জমি লিজ নেন তিনি। পুরো জমিতেই বীজ তলা তৈরী করেন। খুলনা থেকে কোকো ডাস্ট সংগ্রহ করে তাতে জৈব সার (কেঁচো কম্পোষ্ট) মিশ্রণ দিয়ে বিভিন্ন প্রকার সবজি ও গাছের চারা উৎপাদন

গাংনীতে স্কুল শিক্ষকের বাড়ির সামনে থেকে ককটেল উদ্ধার

গাংনী উপজেলার শালদহ গ্রামের স্কুল শিক্ষকের বাড়ির গেটের সামনে থেকে ককটেল সদৃশ্য ১টি বস্তু উদ্ধার করেছে পুলিশ।

আজ বুধবার (১৬ নভেম্বর) ভোররাতের দিকে শালদহ এসএ আরবি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জিনারুল ইসলামের বাড়ির গেটের সামনে থেকে হেমায়েতপুর পুলিশ ফাঁড়ি ককটেল সদৃশ্য বস্তুটি উদ্ধার করেন।

তবে, হেমায়েতপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ এএসআই তারেক বলেন, ধারণা করা হচ্ছে এটি ককটেল নাও হতে পারে।

রাইপুর ইউনিয়ন পরিষদের সদস্য (মেম্বর) সারগিদুল ইসলাম জানান, ভোরের দিকে স্থানীয়রা মসজিদে নামাজ পড়ে ফেরার সময় শিক্ষক জিনারুল ইসলামের বাড়ির গেটের সামনে ককটেল সাদৃশ্য বস্তুটি দেখতে পান। পরে হেমায়েতপুর ক্যাম্পের পুলিশ খবর দিলে সেটি উদ্ধার করে নিয়ে যায়।

গাংনীর দুটি মাধ্যমিক বিদ্যালয়ের দুই সিনিয়র শিক্ষকের মৃত্যু

গাংনী উপজেলার হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের বিএসসি শিক্ষক মোঃ মেহেদী হাসান ও গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন একই দিনে মারা গেছেন। (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)

মঙ্গলবার (১৫ নভেম্বর)ঢাকার একটি বেসরকারি হাসপাতালে হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ মেহেদী মাষ্টার সকাল ৬টায় ইন্তেকাল এবং গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক

নাসিমা খাতুন এনাম মেডিকেল কলেজ হাসপাতালে (আইসিইউ) তে চিকিৎসাধীন অবস্হায় মারা যান ভোর রাতের দিকে।

বিএসসি শিক্ষক মেহেদী হাসান গাংনী উপজেলার হাড়াভাঙ্গা ছাদীমান মৌলানা পাড়া (বর্তমানে গাংনীতে বসবাসরত) এবং গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাসিমা খাতুন তার নিজ গ্রাম গাঁড়াডোব গ্রামে বসবাস করতেন।

দুই শিক্ষকের মৃত্যুতে গাংনী উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শোক প্রকাশ করেছেন, এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধন

দুর্ঘটনা দুর্যোগ হ্রাস করি, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ি এই স্লোগানকে নিয়ে গাংনীর বামন্দীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধনী করা হয়েছে।

মঙ্গলবার (১৫ নভেম্বর) সকালে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফায়ার ও ডিফেন্স সার্ভিস স্টেশনের (ভারপ্রাপ্ত) কর্মকর্তা ইসাহাক আলী বিশ্বাস।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক। গাংনী উপজেলা মৎস্য অফিসার খন্দকার শহিদ, এলাকার গন্যমান্য ব্যক্তি বিশিষ্ট শিল্পপতি হাজী মতিয়ার রহমার। এছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় গণমান্য ব্যক্তিবর্গ।

গাংনী পৌর বিএনপির সাংগাঠনিক সম্পাদক আটক

গাংনী পৌর বিএনপির সাংগাঠনিক সম্পাদক আজিজুল হক ডাকুকে আটক করেছে পুলিশ। আজিজুল হক ডাকু গাংনী পৌরসভা এলাকার চৌগাছা গ্রামের খোকন গাইনের ছেলে।

আজ সোমবার (১৪ নভেম্বর) ভোর রাতের দিকে গাংনী থানা পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে আটক করে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামে সম্প্রতি একটি চুরির ঘটনায় সন্দেহভাজন হিসেবে তাকে আটক করে আজ সোমবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে চালান দেওয়া হয়েছে।

এদিকে গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু বিএনপি নেতা আজিজুল হক ডাকুকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। তিনি বলে, আজিজুল ইসলাম চৌগাছা গ্রামে একজন ভাল মানুষ। তার বিরুদ্ধে একের পর এক মামলা দিয়েছে। আমি এই গ্রেফতারের নিন্দা জানাচ্ছি। অবিলম্বে তার মুক্তি দাবি করছি।

গাংনী সীমান্তে ফেনসিডিলসহ ২ যুবক আটক

বিজিবির মাদক ও চোরাচালান বিরোধী অভিযানে ২ বোতল ফেনসিডিলসহ ২ মাদক কারবারীকে আটক করেছে।

আটকরা হলেন, গাংনী উপজেলার চিৎলা গ্রামের মোঃ বদর আলীর ছেলে

মোঃ হাসিব(২৬) গাংনী পৌরসভার বাঁশবাড়িয়া গ্রামের আব্দুল হান্নানের ছেলে আশিকুর রহমান (১৯)।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) তেঁতুলবাড়ী বিওপি’র কমান্ডার হাবিলদার মোঃ অজিয়ার রহমানের নেতৃত্বে বিজিবির একটি টিম অভিযানে অংশ নেন।

ভারতীয় সীমান্তের তেঁতুলবাড়িয়া গ্রামের আন্তর্জাতিক পিলার ১৩৮/১-এস হতে ৮০০ গজ বাংলাদেশের অভ্য̈ন্তরের হাজীপাড়া এলাকার পাকা রাস্তার মোড় নামক ̄স্থান থেকে তাদের দুজনকে আটক করেন।

গতকাল শনিবার (১২ নভেম্বর) বিকালের দিকে তেঁতুলবাড়িয়া গ্রামের হাজীপাড়া এলাকার পাকা রাস্তার মোড় নামক ̄স্থান থেকে তাদের আটক করা হয়।

এসময় তাদের কাছ থেকে ২ বোতল ফেনসিডিল, একটি মোটরসাইকেল, ২ টি মোবাইল ফোন ও ৪ টি সিমকার্ড জব্দ করা হয়েছে।
তেঁতুলবাড়ী বিওপি’র কমান্ডার হাবিলদার মোঃ অজিয়ার রহমান জানান, মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে ওই দুই মাদক কারবারীকে আটক করা হয়েছে।
আটকদের বিরুদ্ধে শনিবার সন্ধ্যায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনীর কাথুলীতে তুচ্ছ ঘটনায় চার পরিবারের বিরুদ্ধে মামলা

গাংনীর কাথুলী গ্রামের মধ্য পাড়ায় ছাগলে একটি গাছ খাওয়াকে কেন্দ্র করে সংঘর্ষ অগ্নীসংযোগ ও শ্লীলতা হানীর ঘটনায় চারটি পরিবারের মধ্যে চলছে নানা উত্তেজনা ও মামলাবাজি। চারটি পরিবার দফায় দফায় একে অপরের বিরুদ্ধে মোট সাতটি মামলা করেছে। রয়েছে একটি জিডির ঘটনা। গ্রাম্য প্রতিহিংসায় মিথ্যা মামলায় জড়িয়ে দফায় দফায় হয়রানী করা হচ্ছে এমন দাবী তুলে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী আব্দুল মজিদ। শনিবার সকালে সংবাদ সম্মেলনে লিখিত

বক্তব্য দেন আব্দুল মজিদ।

পরিবার চারটি সকলেই নিজেদেরকে নির্দোষ দাবী করলেও পুলিশ বলছে, মামলাটি তদন্তে একটি পরিবারকে মিথ্যা মামলায় ফাঁসানোর খেলায় মেতেছে অন্য দুটি পরিবার। তাছাড়া আরো একটি মামলা তদন্ত করা হচ্ছে।

সংবাদ সম্মেলনে জানায়, গ্রামের আব্দুল মজিদের বাড়ির পাশে লাগানো ধুন্দুল গাছ খেয়ে ফেলে প্রতিবেশী আমিরুলের স্ত্রী মেমেজানের ছাগলে। এ নিয়ে উভয় পরিবারের মধ্যে ঝগড়া ও হাতাহাতির ঘটনা ঘটে। এ নিয়ে আমিরুল ইসলাম বাদি হয়ে আব্দুল মজিদের ভাই আব্দুর রহমান ওরফে খোকনের নামে মামলা করেন মেহেরপুর আদালতে। ওই মামলার ইন্ধন দাতা প্রতিবেশী হাফিজুল ও তার স্ত্রী মেমেজান। এ নিয়ে চারটি পরিবারের মধ্যে মামলা ও জিডির ঘটনা ঘটেছে সাতটি।

সর্বশেষ গত বুধবার মধ্যরাতে হাফিজুলের বাড়ির পাশে রক্ষিত পাটকাঠির গাঁদায় আগুন লাগে। এতে হাফিজুলের পাঠকাঠির সাথে মজিদের দোকান ঘর পুড়ে যায়। আব্দুল মজিদকে আবারো মিথ্যা মামলায় ফাঁসানোর জন্য নিজের পাটকাঠির গাদায় নিজে আগুন লাগিয়ে হৈচৈ শুরু করে হাফিজুল ও তার স্ত্রী মোমেজান। পরে স্থানীয়রা ছ’টেগিয়ে পানি ঢেলে আগুন নিয়ন্ত্রণে আনা হয়। এঘটনায় আবারো আব্দুল মজিদের বিরুদ্ধে মামলার হুমিকি দিচ্ছে হাফিজুল ইসলাম। আবারো নতুন মামলার ভয়ে আতংকিত আব্দুল মজিদ ও তার পরিবারের লোকজন।
এ নিয়েও উভয় পক্ষের মধ্যে চলছে উত্তেজনা। যে কোন সময় বড় ধরনের সংঘর্ষের ঘটনা ঘটতে পারে বলে আশংকা করছেন স্থানীয়রা।

আব্দুল মজিদ জানান, তার বাড়ির পাশের ধুন্দল গাছ খেয়ে ফেলে প্রতিবেশী আমিরুলের স্ত্রী মেমেজানের ছাগলে। এ নিয়ে উভয় পরিবারের মধ্যে কথা কাটাকাটি হয়। এরই জের ধরে মেমেজান বাদী হয়ে তার ভাই আব্দুর রহমান ওরফে খোকনকে বিবাদী করে মোকাম বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল মেহেরপুরে একটি মামলা করেন। যার নম্বর-১০৯/২০২২, তাং ০৫/০৭/২২ ইং। মামলায় দাবী করা হয়, মেমেজানকে ধর্ষন করার চেষ্টা করা হয়। একই দিনে মেমেজানের স্বামী আমিরুল ইসলাম আরো একটি মামলা করেন। ওই মামলার এজাহারে দাবী করা হয়, তার স্ত্রীকে মারধর করে শ্লীলতা হানীর পাশাপাশি আব্দুল মজিদ ও তার লোকজন মেমেজানকে ব্যাপক মারপিট করে হত্যার চেষ্টা চালায়।

বিজ্ঞ আদালত মামলাটি আমলে নিয়ে গাংনী থানা পুলিশকে তদন্ত দিলে

গাংনীতে সাজাপ্রাপ্তসহ ৩ জন গ্রেফতার

মারামারি মামলায় আদালতের সাজাপ্রাপ্ত পলাতক আসামি আসমত আলী (৪৮) কে গ্রেফতার করেছে পুলিশ। সাজাপ্রাপ্ত আসমত আলী গাংনী উপজেলার তেরাইল গ্রামের বাজার পাড়া এলাকার আব্দুলের ছেলে।

শুক্রবার দিবগত ভাররাতের দিকে তার বাড়িতে গাংনী থানা পুলিশের একটি টিম অভিযান চালিয়ে আসমত আলীকে গ্রেফতার করেন। ৩২৩/৪৪৭ ধারায় দায়েরকৃত ৯২/১৯ নং মামলায় আদালত তাকে ১ বছর তিন মাস কারাদন্ড দেন। তার পর থেকে সে পলাতক ছিল।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ, এসআই আশিক সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।
অপরদিকে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে একটি মারামারি মামলায় আদালতের পরোয়ানাভূক্ত আসামি আবুলের ছেলে আফজাল (৪৫) ও আব্দুল খালেকের ছেলে শওকত আলীকে গ্রেফতার করেছে। গাংনী থানার দায়ের করা মারামারি মামলায় আদালত তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।
গ্রেফতারকৃত আজ শনিবার (১২ নভেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে দুটি বাড়িতে চুরি। স্বর্ণালংকারসহ ১৫ লাখ টাকা চুরি

গাংনী উপজেলা পৌর শহরের দুটি বাড়িতে দুধর্ষ চুরির ঘটনা ঘটেছে।

সংঘবদ্ধ চোরের দল ঘরের জানালার গ্রীল কেটে ও টিনের ছাউনির নিচ দিয়ে ঘরে ঢুকে দুটি বাড়ি থেকে প্রায় ৩ লাখ ৩০ হাজার টাকা ও ১৫ ভরি ওজনের স্বর্ণালংকার নিয়ে গেছে বলে বাড়ির মালিকরা জানিয়েছেন।

আজ বৃহস্পতিবার (১০ নভেম্বর) বেলা ১০ টা থেকে বেলা ১ পর্যন্ত যে কোনো সময় পাশাপাশি বাড়ি দুটিতে চুরির ঘটন ঘটেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও উপপরিদর্শক (এসআই) আতিকসহ পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

বাড়ির মালিক গাংনী উপজেলা নির্বাহী অফিসের স্টাফ রোজিফা খাতুন বলেন, আমি সকাল ৮ টার দিকে অফিসে চলে যায়। বাড়িতে কেউ ছিলনা। আমার ঘরে নগদ ১ লাখ ৮০ হাজার টাকা ও ১৫ ভরি ওজনের স্বর্ণাংকার নিয়ে গেছে চোরের দল।তিনি বলেন আমার বাড়িটি টিনের ছাউনি। চোরের দল টিনের নিচ দিয়ে ঘরের মধ্যে ঢুকে বাকসের তালা ভেঙ্গে টাকা ও স্বর্ণালংকার নিয়ে গেছে।

এছাড়া গাংনী ভ্যারাইটি স্টোরের মালিক আক্তারুজ্জামান বলেন, রান্না ঘরের জানালার গ্রীল কেটে শোয়ার ঘরে ঢুকে বাকস ভেঙ্গে নগদ দেড় লক্ষ টাকা নিয়ে গেছে।চুরির সময় ওই বাড়ি দুটিতে কেউ ছিলনা।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, চুরির ঘটনায় আমিসহ পুলিশের দল ওই বাড়ি দুটি পরিদর্শন করেছি। চুরির ঘটনায় আসামিদের সনাক্তকরণ ও খুজে বের করার চেষ্টা চালাচ্ছে।

গাংনীর বামন্দীতে ২টি মিষ্টান্ন ভান্ডারকে ৭০ হাজার

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]